

২০১৭

বাংলা

(সাম্মানিক)

সপ্তম পত্র

পূর্ণমান : ৯০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুণি প্রশ্নমান নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন

( পুরাতন পাঠক্রম )

বিভাগ — ক

১। যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও :

১৫×২

(ক) 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধে রবীন্দ্রনাথ ঠাকুরের সাহিত্যতত্ত্ব সম্পর্কিত ভাবনার পরিচয় কীভাবে প্রকাশ পেয়েছে বুঝিয়ে দাও ।

(খ) 'ধ্বনি'—বলতে কী বোঝানো হয় ? ধ্বনির শ্রেণীবিভাগ করো । কোন্ ধ্বনিকে কেন শ্রেষ্ঠ ধ্বনি বলা হয় ? ধ্বনিকে কাব্যের আত্মা বলার যৌক্তিকতা বিচার করো ।

- (গ) ইংরেজি কাব্য-কবিতায় কবি ওয়ার্ডসওয়ার্থের অবদান সংক্ষেপে লেখো। বাংলায় অন্তত দুটি সাহিত্যকর্মের দৃষ্টান্ত দাও, যেখানে ওয়ার্ডসওয়ার্থ-এর রচনার প্রভাব পড়েছে।
- (ঘ) সংস্কৃত সাহিত্যের ইতিহাসে বাণভট্ট কেন স্মরণীয় বুদ্ধিয়ে দাও।
- (ঙ) আধুনিক সাহিত্য আন্দোলনে রিয়ালিজম ও সিম্বলিজম-এর ভূমিকা কতখানি সে বিষয়ে আলোচনা করো।

### বিভাগ — খ

২। যে কোন তিনটি প্রশ্নের উত্তর দাও :

৮×৩

- (ক) 'সাহিত্যের মা যেমন করিয়া কাঁদে প্রাকৃত-মা তেমন করিয়া কাঁদে না।' — উক্তিটির উৎস ও তাৎপর্য বিশ্লেষণ করো।
- (খ) স্থায়ীভাব কীভাবে বিভাব, অনুভাব ও সঞ্চারীভাবের মাধ্যমে রসে পরিণত হয় — বুদ্ধিয়ে দাও।
- (গ) ইংরেজী কাব্য-কবিতায় জন কীটস্-এর কাব্য-প্রতিভার পরিচয় দাও।
- (ঘ) ইংরেজী সাহিত্যে চার্লস্ ডিকেন্স কেন স্মরণীয় বুদ্ধিয়ে দাও।

- (ঙ) মহাভারতের মধ্য দিয়ে সমকালীন সমাজের চিত্র কীভাবে প্রতিফলিত হয়েছে তা সংক্ষেপে লেখো ।
- (চ) সাহিত্য-আন্দোলন প্রসঙ্গে ন্যাচারাগিজিম্-এর মূল তত্ত্বটির উদ্ভব ও প্রধান প্রধান বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ লেখো ।

### বিভাগ — গ

৩। যে কোন তিনটি প্রশ্নের উত্তর দাও : ২×৩

- (ক) “সৌন্দর্যবোধ ঠিকমত উদ্‌বোধনের জন্য ব্রহ্মাচর্যের সাধনই আবশ্যিক ।”— উক্তিটি কার কোন্ রচনার অন্তর্গত ? ওই রচনার মূল গ্রন্থটি কত সালে প্রকাশিত ? ১+১
- (খ) ‘অভিনব ভারতী’ কোন্ লেখকের কোন্ প্রহের ভাষ্য গ্রন্থ ? ১+১
- (গ) দু-জন প্রাচ্য ও দু-জন পাশ্চাত্য সাহিত্য-তাত্ত্বিকের নাম লেখো । ১+১
- (ঘ) ভারবি কোন্ সময়ের সাহিত্যিক ? তাঁর রচিত একটি বিখ্যাত গ্রন্থের নাম লেখো । ১+১
- (ঙ) ‘সুররিয়াগিজিম্’-এর উদ্ভব কোন্ দেশে ? বাংলা সাহিত্যে এই তত্ত্বের প্রয়োগ ঘটেছে এমন একটি দৃষ্টান্ত দাও । ১+১

(চ) ব্রষ্টার নাম ও রচনাকাল লেখো :

$\frac{2}{5} \times 8$

আইভান হো (Ivanhoe), দ্য হলো ম্যান (The Hollow Man), প্যারাডাইস লস্ট (Paradise lost), ডেভিড কপার ফিল্ড (David Coperfield) ।

### বিভাগ — ঘ

৪। প্রবন্ধ লেখো (যে কোন একটি) :

৩০ × ১

(ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে নারীচরিত্র—চিত্রণ ।

(খ) গদ্যশিল্পী ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ।

(গ) রবীন্দ্রনাথের উপন্যাস ।

(ঘ) বাংলা সাহিত্যে হাস্যরস ।

(ঙ) বাংলা একাঙ্ক নাটকের উদ্ভব ও বিকাশ ।

(চ) মহাশ্বেতা দেবীর জীবন ও সাহিত্য চর্চা ।

(ছ) সাম্প্রতিক কালের বাংলা সাহিত্যে নিম্নবর্ণ মানুষের জীবন চিত্র ।